উপজেলা পরিষদ

মোহনগঞ্জ .নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি)র ৯৭,২৮,০০০.০০ (সাতানব্বই লক্ষ আটাশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ তহবিলের ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকাসহ সর্বমোট ১,৩৭,২৮,০০০.০০ (এক কোটি সাতত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকার প্রকল্প অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পগুলি দ্রুত পিআইসি ও টেন্ডার কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। তিনি বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্রের সংযোগ রাস্তা মেরামত করা হচ্ছে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ০৪.১২.২০২৩ খ্রি. তারিখের ৪৬.৬০০.০০০২.০০০.০০.০৩৫(৬).২০২২.১৪৬১ নং স্মারকে অতিরিক্ত ১০(দশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে ও ১২.১২.২০২৩ খ্রি. তারিখের প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্প (সারণি-১) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) এর প্রকল্পগুলি পিআইসি ও টেন্ডারের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্প (সারণি-১) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তির টিআর, কাবিটা, কাবিখা ও ইজিপিপির কাজ চলমান। ১ম কিস্তির বরাদ্দকৃত অর্থে কাজের মেয়াদ ১৫ নভেম্বর ২০২৩ ছিল। ২য় কিস্তির বরাদ্দকৃত অর্থে কাজের মেয়াদ ৩০ ডিসেম্বর। বরাদ্দের আলোকে নীতিমালা মোতাবেক প্রকল্প সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ সভায় জানান, বোরো আবাদ চলমান আছে। বর্তমানে সার ও বীজের পর্যাপ্ত মজুদ আছে কোন সংকট নেই। অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, মোহনগঞ্জ হাসপাতালের চিকিৎসক পর্যাপ্ত জনবল না থাকায় দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে। তিনি হাসপাতালের বিভিন্ন শূন্য পদের তথ্যাদি উপস্থাপন করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং শূন্য পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, নেত্রকোণাকে অনুরোধ করা হয় | সিভিল সার্জন, নেত্রকোণা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ। |

| ক্রঃ নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূন্যপদ |
|---|---|---|---|---|
| ০১ | চিকিৎসক | ১৯ | ১০ | ০৯ |
| ০২ | এমেস্থি (ইউনিয়ন) | ০১ | ০ | ০১ |
| ০৩ | নার্স | ৩৬ | ৩২ | ০৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মেডিকেল টেকনলজিস্ট | ০৮ | ০৭ | ০১ |
| ০৫ | ফিল্ড স্টাফ | ৩৮ | ২৬ | ১২ |
| ০৬ | সাপোর্ট স্টাফ | ২৭ | ১৩ | ১৪ |
| | অন্যান্য পদ | ১৮ | ০৯ | ০৯ |
| | মোট | ১৪৭ | ৯৭ | ৫০ |

উল্লিখিত শূন্যপদে জনবল নিয়োগ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে কোন সমস্যা নাই।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান, সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর পরিবারের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, উপজেলার মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় নভেম্বর/২০২৩ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩১৯১০ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৯৬২ জন, মোট সিএআর ৭৮.২৩%, পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০জন, ইমপ্ল্যানন ৬২জন, আইইউডি ১৬ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মোহনগঞ্জ । |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, আগামী ১ জানুয়ারি ২০২৪ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বই উৎসব পালন করা হবে। সকলকে বই উৎসব অনুষ্ঠানে উপস্থিত থেকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া সকল মাধ্যমিক শিক্ষা বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক শিক্ষার ১০০% বই পাওয়া গেছে। ১ জানুয়ারি ২০২৪ বই উৎসব দিবস পালন করা হবে। সকলকে সার্বিক সহযোগিতাসহ বই উৎসব অনুষ্ঠানে উপস্থিত থাকার অনুরোধ করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন, খাদ্য গুদামে আজকের মজুদ ১৯৮৮ মে. টন। মজুদ চাল আপদকালীন সময়ের খাদ্য চাহিদা পুরণের জন্য সংরক্ষণ থাকবে। ২০২৩-২০২৪ মওশুমে প্রতি কেজি ধান ৩০ টাকা এবং প্রতিকেজি চাল ৪৪ টাকায় সংগ্রহ করা হচ্ছে। চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৩৩৮ মে. টন। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩৫৬ মে. টন। নভেম্বর ২০২৩ মাসের টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস এর চাল বিক্রয় চলমান আছে। উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান, অত্র উপজেলায় বয়স্ক ভাতাভোগী ৯৩৮৭ জন, বিধবা ভাতাভোগী ৫০৭০ জন, প্রতিবন্ধী ভাতাভোগী ৩০২২ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভোগী ১৪৩ জন, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ভোগী ২৩ জন, অনগ্রসর ভাতাভোগী ২৭ জন, বেদে ভাতাভোগী ২০ জন। সর্বমোট ভাতাভোগী ১৭৬৯২ জন। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৩ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, বায়োগ্যাস প্লান্ট করতে চায় এমন প্রকৃত গরুপালনকারী/খামারীদের প্রশিক্ষণ দেয়া হবে এবং বায়োগ্যাস প্লান্ট তৈরী করে দেয়া হবে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রত্যেক কৃষক/খামারীকে ৫০,০০০ টাকা থেকে ১,৫০,০০০.০০ টাকা ঋণ দেয়া হবে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ সভায় জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলার ৫৫টি ভোট কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। নির্বাচন সংশ্লিষ্ট কাজে সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |
| ১৫ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ। |
| ১৬ | মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, মা ও শিশু সহায়তা কর্মসূচির ডিসেম্বর ২০২৩ মাসে মোট ১৭৩ জন ভাতাভোগী অনুমোদন কা হয়। উপজেলার ৩নং তেতুলিয়া ইউনিয়নের ০১ জন ভিজিডি কার্ডধারী মৃত্যুবরণ করায় তার পরিবর্তে একজন সুবিধাভোগী নির্বাচন করা প্রয়োজন। এছাড়া অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই মর্মে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৭ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, বিগত ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দকৃত গভীর নলকূপের কাজ এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত গভীর নলকূপের বিভাজন ও তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলেও পূর্ণাঙ্গ তালিকা আজও পাওয়া যায়নি। তিনি দ্রুত তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৮ | বড়তলী বানিয়াহারী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউনিয়ন পরিষদ বলেন, অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৯ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ বলেন, ঝিমটি থেকে তেতুলিয়া রাস্তার বেহাল অবস্থা। তিনি রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২০ | মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ বলেন, অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, রামজীবনপুর ব্রীজ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তিনি বলেন, অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের আগাম শুভেচ্ছা জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনি... পরিষদ। |
| ২২ | সুয়াইর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ বলেন, অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সুয়াইর ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ। |
| ২৩ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বলেন, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) অফিস থেকে স্থাপিত অনেক গভীর নলকূপে বিভিন্ন সমস্যা থাকায় লোকজন ব্যবহার করতে পারছে না। উক্ত সমস্যা গুলির মধ্যে অনেক নলকূপে পানি আসে না, গোড়া পাকা হয় নাই, পানির ট্যাংকী স্থাপন বা বিদ্যুৎ সংযোগ দেয়া হয় নাই। উক্ত সমস্যা গুলি দ্রুত সমাধানের জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, গাগলাজুর ইউপিকে অনুরোধ জানানো হয়। নলকূপ স্থাপন প্রকল্পের সমস্যা সমাধানের জন্য উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা। |

(৩) বিবিধ ঃ (ক)।) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্য গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরূপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

।।) উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নিবাচন উপলক্ষে উপজেলা পরিষদের পাহারা জোরদার করাসহ উপজেলা পরিষদ ক্যাম্পাসের ড্রেন, পুকুরের আগাছা, অফিস ও বাসা বাড়ির আঙিনা পরিষ্কার পরিছন্ন করা জরুরি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ ক্যাম্পাসের ড্রেন, পুকুরের আগাছা, অফিস ও বাসা বাড়ির আঙিনা পরিষ্কার পরিছন্ন করার জন্য শ্রমিক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলার অনেক গভীর নলকূপ বিগত ১/২ বৎসর পূর্বে বসানো হয়েছে। কিন্তু টিউবওয়েলের গোড়া আজও পাকা করা হয়নি বা পানির ট্যাংকী স্থাপন করা হয়নি। ফলে সুবিধাভোগীরা তাদের প্রাপ্য সুবিধা ভোগ করতে পারছে না। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের আগাম শুভেচ্ছা জানান।

গ) নভেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৫.১২.২০২৩ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২৩ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২৩ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২৩ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২৩ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার অক্টোবর/২০২৩ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের অক্টোবর নভেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান। | ২৩,১০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের নভেম্বর/২০২৩ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয় | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহি অফিসারের কার্যালয়ের নভেম্বর/২০২৩ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন | ১৫,০০০/- |
| ১০ | মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন বাবদ ব্যয়। | ৫০,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির নভেম্বর/২০২৩ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় | ৮,০০০/- |
| ১২ | উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়। | ২,০০,০০০/- |
| ১৩ | উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই, নভেম্বর/২০২৩ পর্যন্ত তিন মাসের জ্বালানী বাবদ ব্যয়। | ১,১৬,২৩০/- |
| ১৪ | উপজেলা পরিষদের জীপ গাড়ীর রক্ষণাবেক্ষণ ব্যয় | ৪৯,৮০০/- |

CamScanner

...আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।
তারিখঃ ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-১১৬৭ (৪০)

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ...........................................................,.........অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,...........................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

26/12/2023

(মোসাঃ হাফিজা জেসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) "পরিশিষ্ট ক" মাসের নামঃ ডিসেম্বর- ২০২০

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যগণ | পদবী |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সভাপতি |
| ০২ | জনাব মোসাঃ হাফিজা জেসমিন, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা। | সদস্য |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৫ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৬ | উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৯ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৫ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নেত্রকোণা | সদস্য |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৮ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ১৯ | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২১ | উপজেলা পরিসংখ্যান অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৩ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২২ | ইউডিএফ, ইউজিডিপি, এলজিইউডি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ২৩ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ২৪ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ক্রঃ নং | সভায় অনুপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | |
| ০১ | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৫ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি,মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৬ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপি, মোহনগঞ্জ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| ০৭ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |
| ০৮ | জনাব রোজিনা আক্তার, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। | সদস্য |

CamScanner